<u>নির্বাচন অগ্রাধিকার</u>
<u>অতীব জরুরি</u>

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২৭৭

তারিখ: ১ আশ্বিন ১৪২৭ / ১৬ সেপ্টেম্বর ২০২০

## পরিপত্র-৪

বিষয় : **একাদশ জাতীয় সংসদের ৭১ পাবানা-৪ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন, উপলক্ষে ভোটগ্রহণের দিন আইন-শৃঙ্খলা পরিস্থিতি প্রতিবেদন ও বেসরকারি ফলাফল এবং অন্যান্য তথ্যাবলী সংগ্রহ ও পরিবেশন**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদের **৭১ পাবানা-৪** নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে রিটার্নিং অফিসারদের নিকট হতে নির্বাচন কমিশন সচিবালয়ে ভোটগ্রহণ চলাকালে আইনশৃঙ্খলা পরিস্থিতি প্রতিবেদন এবং ভোটগ্রহণ শেষে প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহ করা হবে। এ কার্যক্রম ভোটগ্রহণের দিন অর্থাৎ **২৬ সেপ্টেম্বর ২০২০** তারিখ **শনিবার** সকাল ০৯.০০ টা হতে শুরু করে সর্বশেষ বেসরকারি ফলাফল না পাওয়া পর্যন্ত অব্যাহতভাবে চলবে।

২। পরিস্থিতি প্রতিবেদন ও প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহের দায়িত্বে নিয়োজিত নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তাদের নাম-পদবি ও টেলিফোন-ফ্যাক্স নম্বর **পরিশিষ্ট-ক** এ সংযুক্ত করা হলো। ভোটগ্রহণের দিন আইনশৃঙ্খলা পরিস্থিতি প্রতিবেদন এবং বেসরকারি ফলাফল সংগ্রহ ও পরিবেশনের জন্য রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থাপিত **"ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** হতে কোন্ সময়ে কোন্ কোন্ কর্মকর্তা দায়িত্ব পালন করবেন অর্থাৎ টেলিফোনে বেসরকারি ফলাফল নির্বাচন কমিশন সচিবালয়ে প্রদান করবেন তাদের নাম ও পদবি সত্বর এ সচিবালয়ের নির্ধারিত টেলিফোন ও ফ্যাক্সযোগে জানিয়ে দিবেন। তাছাড়া ভোটগ্রহণের দিন সকাল ৮.০০ টা হতে বেসরকারি ফলাফল পরিবেশন সম্পন্ন না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকার সার্বিক পরিস্থিতি প্রতিবেদন প্রেরণ করার জন্য কোন্ কোন্ কর্মকর্তা দায়িত্ব পালন করবেন তাও পূর্বাহ্নে জানিয়ে দিবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পূর্ব থেকেই নির্ধারিত টেলিফোন ও ফ্যাক্স নম্বর সঠিক আছে কিনা অথবা সচল আছে কিনা তা যাচাই করে নিবেন।

৩। ভোটগ্রহণ শেষে রিটার্নিং অফিসার যে **"বার্তা শিট"** এর মাধ্যমে বেসরকারি ফলাফল প্রেরণ করবেন তার একটি নমুনা **পরিশিষ্ট-খ** এ সংযুক্ত করা হলো। বার্তা শিটের প্রয়োজনীয় সংখ্যক কপি করে নিতে হবে। বেসরকারি ফলাফল টেলিফোনে জানানোর সাথে সাথে উক্ত শিটের মাধ্যমে ইন্টারনাল একাউন্ট এ প্রেরণ করতে হবে। তাছাড়া এ বিষয়ে সর্বশেষ কোন নির্দেশনা থাকলে তা টেলিফোনে যথাসময়ে অবহিত করা হবে এবং তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। **Result Management System (RMS) এর মাধ্যমে ফলাফল প্রেরণঃ** উপর্যুক্ত ব্যবস্থার পাশাপাশি একাদশ জাতীয় সংসদ সাধারণ নির্বাচনের ন্যায় এবারও একইসাথে Result Management System (RMS) এর মাধ্যমে ফলাফল প্রেরণ করতে হবে। সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত কেন্দ্রভিত্তিক ভোটগণনার বিবরণী (ফরম-১৬) হতে ফলাফল RMS Software এর মাধ্যমে প্রেরণ করতে হবে। একই সাথে ফরম-১৬ scan করে software এর মাধ্যমে প্রেরণ করতে হবে। কেন্দ্রভিত্তিক ফলাফল entry করার পর এই Software হতে progressive result অর্থাৎ সহকারী রিটার্নিং অফিস হতে বার্তা শিট স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে। বার্তা শিট software হতে print করে সহকারী রিটার্নিং অফিসার স্বাক্ষর দিয়ে স্বাক্ষরকৃত বার্তা শিট scan করে software এর মাধ্যমে রিটার্নিং অফিসারের কার্যালয়ে প্রেরণ করবেন। রিটার্নিং অফিসারের কার্যালয়ে RMS software ব্যবহার করে সকল সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক প্রেরিত বার্তা শিট কম্পিউটারে দেখতে পারবেন। একইসাথে downloadও করা যাবে। অতঃপর রিটার্নিং অফিসার তার আওতাধীন সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক প্রেরিত ফলাফলসমূহকে software এর



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে একীভূত করে বার্তা শিট প্রস্তুত করবেন এবং print করে স্বাক্ষর দিয়ে পুনরায় তা scan করে RMS এর মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন।

১৬/০৯/2020

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫৮ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

সিনিয়র জেলা নির্বাচন অফিসার, পাবনা
ও
রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২৭৭

তারিখ: ১ আশ্বিন ১৪২৭ / ১৬ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব/ সচিব ................................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, রাজশাহী
৮. উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ
৯. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৩. জেলা প্রশাসক, পাবনা
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১৫. পুলিশ সুপার, পাবনা
১৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. .............................................., কর্মকর্তা (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পাবনা
১৯. উপজেলা নির্বাহী অফিসার, ..........................................(সংশ্লিষ্ট)
২০. জেলা তথ্য অফিসার, পাবনা
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................, এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ......................................(সংশ্লিষ্ট)

২৫. অফিসার-ইন-চার্জ, ........................................ (সংশ্লিষ্ট) থানা।

১৬/০৭/2020

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

<u>**পরিশিষ্ট-ক**</u>

## নির্বাচনে রিটার্নিং অফিসারের নিকট হতে নির্বাচন কমিশন সচিবালয়ের যে সকল কর্মকর্তা/কর্মচারী প্রাথমিক বেসরকারি ফলাফল সংগ্রহ করবেন তার বিবরণী

| ক্রমিক নং | নির্বাচনি এলাকার নাম ও নম্বর | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | টেলিফোন নম্বর | ফ্যাক্স / intranet নম্বর |
|---|---|---|---|---|
| ১ | | ৩ | ৪ | ৫ |
| ১. | **৭১ পাবনা-৪** | উপসচিব (চলতি দায়িত্ব)<br>নির্বাচন প্রশাসন | **০২-৫৫০০৭৬১০** | **০২-৫৫০০৭৫৫৮**<br>sas_emc1 |
| ২. | | সিনিয়র সহকারী সচিব<br>নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১ | | |
| ৩. | | সহকারী সচিব<br>নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২ | | |
| ৪. | | প্রশাসনিক কর্মকর্তা<br>নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১ | | |
| ৫. | | প্রশাসনিক কর্মকর্তা<br>নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২ | | |
| ৬. | | প্রশাসনিক কর্মকর্তা<br>নির্বাচন প্রশাসন | | |
| ৭. | | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১ | | |
| ৮. | | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>নির্বাচন প্রশাসন | | |
| ৯. | | অফিস সহায়ক<br>নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১ | | |
| ১০. | | অফিস সহায়ক<br>নির্বাচন প্রশাসন | | |

# জাতীয় সংসদের শূন্য আসনের নির্বাচন-২০২০
## প্রাথমিক বেসরকারি ফলাফল
## বার্তা শিট

নির্বাচনি এলাকার নম্বর নাম: **৭১ পাবনা-৪**

মোট ভোটারের সংখ্যা:
মোট ভোটকেন্দ্রের সংখ্যা:
ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যা:

বার্তা নম্বর:

| ক্রমিক | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম | রাজনৈতিক দল/জোট-এর নাম | বরাদ্দকৃত প্রতীক | এ পর্যন্ত প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | |
|---|---|
| মোট বৈধ ভোটের সংখ্যা | : |
| বাতিলকৃত ভোটের সংখ্যা | : |
| সর্বমোট প্রদত্ত ভোটের সংখ্যা | : |
| প্রদত্ত ভোটের শতকরা হার | : |

স্থগিত ভোট কেন্দ্রের সংখ্যা :
স্থগিত ভোট কেন্দ্রের ভোটার সংখ্যা :

রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন
কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি:

নাম :
পদবি :
স্বাক্ষর :
তারিখ :
সময় :

এই ফরমে ফলাফল প্রেরণে নির্ধারিত ফোন এবং ফ্যাক্স ব্যবহার করতে হবে।